

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৫

গভাতুইসা, ৯ মে, ২০২৪

গভাতুইসা মহকুমায় রবীন্দ্র জন্মজয়ন্তী

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল গভাতুইসা মহকুমার গভাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সাংস্কৃতিক ভবনে মহকুমাভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন গভাছড়া ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. প্রদীপ দে। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক মহম্মদ ফকরউদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক অজেন্দ্র ত্রিপুরা। রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে গভাতুইসা মহকুমার বিভিন্ন বিদ্যালয় ও সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ অংশ নেন।
